

## উপজেলা পরিক্রমা রাজনগর

রাজনগর (মৌলবীবাজার), ২২ মে (সংবাদদাতা)।— মৌলবীবাজার জেলার ৬টি উপজেলার মধ্যে রাজনগর অন্যতম। রাজনগর উপজেলা জেলার উত্তর পূর্ব প্রান্তে অবস্থিত।

১৩৫ বর্গমাইল আয়তনবিশিষ্ট এ উপজেলার ২৬৭টি গ্রাম। ৮টি ইউনিয়ন রয়েছে। উপজেলার লোক সংখ্যা ১,৫৪,৫৯৬ জন। এর মধ্যে মুসলমান ১,১২,৫৬০ জন, হিন্দু ৪১,৭,২৫ ও খৃষ্টান ৩১১জন।

### কৃষি

এ উপজেলার ৯৫ জন নাগরিকই কৃষিজীবী। এ উপজেলায় উৎপন্ন খান উপজেলার চাহিদা পূরণ করে রফতানী হয় ভিন্ন জেলায়। মোট কৃষি জমির পরিমাণ ৫৮,৬৫০ একর, তন্মধ্যে এক একর, দো-ফসলী ৩৫,৮০০ একর এবং পতিত ৩,০০০ একর। গো সম্পদের অভাব, গো-মড়ক, গরুর স্বাস্থ্যহীনতা উপজেলার কৃষিকার্যকে বাহিত করছে।

### শিক্ষা

উপজেলার বেসরকারী কলেজ ১টি, মাধ্যমিক বিদ্যালয় ৮টি, জুনিয়র হাইস্কুল ১টি, মাদ্রাসা ২টি, প্রাথমিক বিদ্যালয় ১০০টি। শিক্ষা প্রতিষ্ঠানগুলি নানাবিধ সমস্যায় জর্জরিত।

### যোগাযোগ

উপজেলার যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত অনুন্নত। মোট রাস্তার দৈর্ঘ্য ১০৪ মাইল, পাকা রাস্তা মাত্র সাড়ে ৯ মাইল, অবশিষ্ট ৯৪ ১/২ মাইল কাঁচা। বর্ষা মওসুমে উক্ত রাস্তাগুলো দিয়ে যানবাহন চলা দুরূহ হয়ে ওঠে।

### অন্যান্য

উপজেলায় পরিবারের সংখ্যা ১৮,৫২২টি, কৃষক পরিবারের সংখ্যা ১৮,০৫০ টি, ভূমিহীন পরিবারের সংখ্যা ৬,০৪৬টি, চা বাগান ৯টি, উৎপাদিত চায়ের পরিমাণ ২৪,১৬,০২৩ কেজি যার প্রচলিত বাজার দর ১২,৩৭,৪৮,১২৫ টাকা। বন এলাকা ১১,৮৫০ একর, ২টি নদী, হাওর ১টি, বিল ৬৬টি।